1? APR 1990

দৈনিক ইত্তেফাক ১৭

তারিখ ... ১৭ APR 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

## জগন্নাথ কলেজে শিক্ষক সমস্যা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে বর্তমানে প্রায় ২৬ হাজার ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ করিতেছেন। অথচ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-সংখ্যা প্রায় ২৪ হাজার। ছাত্র-সংখ্যার আনুপাতিক হারে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে শিক্ষক সংখ্যা অত্যন্ত অপ্রতুল। ২৬ হাজার ছাত্র-ছাত্রীকে এত অল্প সংখ্যক শিক্ষকের মাধ্যমে শিক্ষাদান প্রায় অসম্ভব হইয়া পড়িয়াছে। বর্তমানে এত অল্পসংখ্যক শিক্ষকের মধ্যে আবার অভিজ্ঞ শিক্ষকবৃন্দকে অজ্ঞাত কারণে বদলি করা হইতেছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের একটি গুরুত্বপূর্ণ বিভাগ প্রাণিবিদ্যা বিভাগ। যেখানে পাসকোর্স, অনার্স ও মাষ্টার্সে প্রায় ৩/৪ হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। অল্প কিছুদিনের ব্যবধানে এই বিভাগের চারজন অভিজ্ঞ শিক্ষককে অন্যত্র বদলি করা হইয়াছে। যাঁহারা প্রাণিবিদ্যা বিভাগের কয়েকটি গুরুত্বপূর্ণ শাখার অপরিহার্য শিক্ষক ছিলেন। জগন্নাথ কলেজে শিক্ষক স্বল্পতার এই সমস্যার প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ তৌহিদুল হক ও শেখ মোঃ শাহজাহান, এম, এস-সি (১ম পর্ব), জঃ বিঃ কলেজ, ঢাকা।